গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নরসিংদী সদর, নরসিংদী
www.narsingdisadar.narsingdi.gov.bd

স্মারক নং-০৫.৪১.৬৮৬০.০০০.১৭.০২২.২৩-৩২০

তারিখঃ ১৩ চৈত্র ১৪২৯ / ২৭ মার্চ ২০২৩

## ১৪৩০ বঙ্গাব্দে হাট-বাজার ইজারার পুন: বিজ্ঞপ্তিঃ-

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০, তারিখ: ২১ সেপ্টেম্বর ২০১১ খ্রিস্টাব্দ মোতাবেক নরসিংদী সদর উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারগুলো ১৪৩০ বঙ্গাব্দে ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত নিম্নবর্ণিত শর্তে ও সীল মোহরকৃত খামে পুন: দরপত্র আহ্বান করা যাচ্ছে। নিম্নবর্ণিত সময়সূচী মোতাবেক অফিস চলাকালীন সময় পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নরসিংদী সদর ও সহকারী কমিশনার (ভূমি), নরসিংদী সদর এর কার্যালয়ে দরপত্র সিডিউল নির্ধারিত মূল্যে বিক্রয় করা হবে। দরপত্রসমূহ নিম্নবর্ণিত তারিখ বেলা ০১.৩০ ঘটিকা পর্যন্ত কার্যালয়সমূহে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করা যাবে। দরপত্রসমূহ ঐ দিনই নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে বেলা ৩.০০ টায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরদাতাগণকে উদ্বৃত মূল্যের ৩০% অর্থ (শতকরা ৩০ ভাগ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমের দরপত্রের সাথে জমা দিতে হবে। দরপত্র গৃহীত হলে ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে অবশিষ্ট অর্থ পরিশোধ করতে হবে। ইজারা মুল্যের উপর ১০% হারে আয়কর এবং ১৫% হারে ভ্যাট অতিরিক্ত হিসাবে প্রদান করতে হবে। দরদাতাগণকে বর্ণিত হাটের অবস্থা সম্পর্কে দরপত্র দাখিলের পূর্বেই অবহিত হওয়ার জন্য বলা হলো। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। আগ্রহী দরদাতাগণকে বিস্তারিত জানার জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তর অথবা ওয়েব সাইটে (www.narsingdisadar.narsingdi.gov.bd) যোগাযোগ করতে অনুরোধ করা হলো।

**হাট-বাজারের বিবরণ**

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | ইউনিয়ন | সরকারি কাঙ্খিত মূল্য (টাকা) | সিডিউল মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|---|
| ১ | শেখেরচর বাজার | শীলমান্দী | ৩২,৫১,৩৭৩/- | ৭,২০০/- |
| ২ | হাজীপুর কাঠ বাজার | হাজীপুর | ৮০,২৯১/- | ৫০০/- |

**দরপত্র সিডিউল ক্রয় ও দাখিলের বিবরণীঃ**

| ক্র. নং | দরপত্র আহবানের দফা | দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র গ্রহণের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ০১. | ১ম পর্যায় | ১০/০৪/২০২৩ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১১/০৪/২০২৩ খ্রি: দুপুর ১.৩০ টা পর্যন্ত | ১১/০৪/২০২৩ খ্রি: বেলা ৩.০০ টা |
| ০২. | ২য় পর্যায় (১ম পর্যায়ে ইজারা না হলে) | ২৪/০৪/২০২৩ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৫/০৪/২০২৩ খ্রি: দুপুর ১.৩০ টা পর্যন্ত | ২৫/০৪/২০২৩ খ্রি: বেলা ৩.০০ টা |
| ০৩. | ৩য় পর্যায় (২য় পর্যায়ে ইজারা না হলে) | ০৮/০৫/২০২৩ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৯/০৫/২০২৩ খ্রি: দুপুর ১.৩০ টা পর্যন্ত | ০৯/০৫/২০২৩ খ্রি: বেলা ৩.০০ টা |

মো: মেহেদী মোর্শেদ
উপজেলা নির্বাহী অফিসার
নরসিংদী সদর, নরসিংদী
ফোনঃ ০২২২৪৪৫২৪৬৭
E-mail: unonarsingdi@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪১.৬৮৬০.০০০.১৭.০২২.২৩-৩২০

তারিখঃ ১৩ চৈত্র ১৪২৯ / ২৭ মার্চ ২০২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী
০৪। উপজেলা নির্বাহী অফিসার, পলাশ/ শিবপুর/ মনোহরদী/ রায়পুরা/ বেলাব, নরসিংদী
০৫। সহকারী কমিশনার (ভূমি), নরসিংদী সদর, নরসিংদী।
০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী।
০৭। উপজেলা.................................................. অফিসার (সকল), নরসিংদী সদর, নরসিংদী (তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি টানানোর অনুরোধসহ)।
০৮। উপজেলা ..............................................................অফিসার, নরসিংদী সদর, নরসিংদী ও সদস্য, দরপত্র মুল্যায়ণ কমিটি।
০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নরসিংদী মডেল থানা, নরসিংদী। (তাকেঁ দরপত্র বাক্স খোলার তারিখ সকাল ০৯.০০ টা হতে নিম্ন-স্বাক্ষরকারীর অফিস চত্বরে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন করার জন্য অনুরোধ করা হলো।)
১০। চেয়ারম্যান.............................ইউনিয়ন পরিষদ (সকল), নরসিংদী সদর, নরসিংদী (তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১১। ইউঃ ভূমি সহকারী কর্মকর্তা ............................ ইউনিয়ন ভূমি অফিস, নরসিংদী সদর (তাঁকে বিজ্ঞপ্তিটি মাইকিং/ঢোলসহ বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১২। ইজারাদার, জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . বাজার, নরসিংদী সদর, নরসিংদী।
১৩। নোটিশ বোর্ড। এ কার্যালয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা
নরসিংদী সদর, নরসিংদী



CamScanner

## হাট-বাজার ইজারার শর্তাবলীঃ

১। ১৪৩০ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% অর্থ (শতকরা ৩০ ভাগ) জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী এর অনুকুলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অবশিষ্ট টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পণ করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট পরিশোধ করতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের ইজারা মূল্য (সরকারি মূল্য) হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রি করা হবে না। এক দফায় বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্তি বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল রেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে রাখবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীল মোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবে না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তি পত্রের শর্ত লংঘন করা হয়, তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারার সমুদয় অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্ট্রার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক অবশিষ্ট জমাকৃত অর্থ ইজারদারকে প্রদান করা হবে।

১৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৭.০৬.২০২৩

উপজেলা নির্বাহী অফিসার
নরসিংদী সদর, নরসিংদী

CamScanner